

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ১৮ অক্টোবর, ২০১৮।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল অফিস প্রধান

হতে : সহকারী পরিচালক- মৌলিক কর্মসূচি এবং জেডার, ট্রেনিং এবং কমিউনিটি রেডিও

বিষয় : সকল আঞ্চলিক, প্রজেক্ট এবং শাখা অফিসে স্যানিটারি প্যাড মজুত রাখা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,


বিভিন্ন সময়ে জেডার সম্পর্ক উন্নয়ন সভায় আলোচনায় উঠে এসেছে ঋতু চক্র চলাকালীন সময়ে স্যানিটারি প্যাড অফিসে না থাকার কারণে নারী কর্মীদের বেশ সমস্যায় পড়তে হয়। এই বিবেচনায় সকল অফিসে স্যানিটারি প্যাড কিনে রাখার জন্য নিম্নে বিস্তারিত জানানো হলো:

১. সকল শাখা, প্রজেক্ট এবং আঞ্চলিক অফিসে ২ প্যাকেট স্যানিটারি প্যাড সংগ্রহে রাখতে হবে।
২. এজন্য প্রতিমাসের অফিস খরচের বাজেটের মধ্যে ২টি প্যাকেট ক্রয় বাবদ ১৫০টাকা বরাদ্দ রাখতে হবে।
৩. কারো আপদকালীন বা জরুরী সময়ে শুধুমাত্র এই প্যাডগুলো সরবরাহ করা হবে। কাউকে প্রতিদিন এটি সববরাহ করা হবে না।
৪. মাসিক/ঋতু চক্র চলাকালীন কোন নারী কর্মীর প্রতি সংবেদনশীল আচরণ করতে হবে। এছাড়া এসময় যদি কোন নারী কর্মীর ছুটি প্রয়োজন হয় এবং যদি সে ছুটির আবেদন করে তাহলে তা আমলে এনে তাকে ছুটি প্রদান করতে হবে।
৫. এসময় কোন নারী কর্মী যদি মাঠে যেতে অপারগতা প্রকাশ করেছে তাহলে সেদিন তাকে ডেস্কে বসে কাজ করার সুযোগ দিতে হবে।


অত্র সার্কুলারের বিষয়ে কারো কোন অস্পষ্টতা থাকলে আগামী ২৫ অক্টোবর, ২০১৮ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করার জন্য বলা হলো।

সকলের সার্বিক সহযোগিতা কামনায়।

ধন্যবাদসহ



তারিক সাইদ হারুন



ফেরদৌস আরা রুমী

অনুলিপিঃ নির্বাহী পরিচালক

পরিচালক

উপ পরিচালক এবং সহকারী পরিচালকগণ

অফিস ফাইল।